

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা

[ মূল্য সংযোজন কর ]

প্রজ্ঞাপন

তারিখঃ ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ / ০২ জুন, ২০১৬ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও নং-১৭৭-আইন/২০১৬/৭৫৩-মুসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস.আর.ও নং- ১৬৮-আইন/২০১৩/৬৭২-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৯৯ এর বিপরীতে কলাম (২) এর সেবার কোড S০৯৯.৫০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রি র পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (৩) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৯৯.৫০ অনলাইনে পণ্য বিক্রয়ঃ

ব্যাখ্যা।- “অনলাইনে পণ্য বিক্রয় ” অর্থ ইলেকট্রনিক নেটওয়ার্ক ব্যবহারের মাধ্যমে সেই সকল পণ্য ও সেবার ক্রয়-বিক্রয়কে বুঝাইবে যাহা ইতোপূর্বে কোন উৎপাদনকারী বা সেবা সরবরাহকারীর নিকট হইতে মুসক পরিশোধপূর্বক গৃহীত হ ইয়াছে এবং যাহাদের নিজস্ব কোন বিক্রয়কেন্দ্র নাই।”।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ নজিবুর রহমান)

চেয়ারম্যান